পুকুরে ঢুকে পড়ল কুমির

নিজস্ব সংবাদদাতা, কাকদ্বীপ : পুকুরে ঢুকে পড়ল বিশালাকৃতি কুমির। ঘটনাটি ঘটেছে পাথরপ্রতিমা থানার ব্রজবল্লভপুর এলাকায়। মঙ্গলবার রাতে জগদ্দল নদী থেকে একটি কুমির পাথরপ্রতিমার ব্রজবল্লভপুর গ্রাম পঞ্চায়েতের গোবিন্দপুর আবাদ গ্রামের মহাদেব হাজরার পুকুরে ঢুকে পড়ে। ভোরবেলা বাড়ির মেয়েরা পুকুরে হাঁস ছেড়ে দেওয়ার পরে দেখতে পায় কুমিরটি কয়েকটি হাঁসকে ধরে পেটে চালান করেছে। আর কিছু হাঁস উড়ে পাড়ে উঠেছে। চেঁচামেচি শুরু করলে ডুবে যায় কুমিরটি। গ্রামের লোকজন ভিড় করে। কেউ আবার জাল নিয়ে আসে কুমিরটিকে ধরার জন্য। এই কপি লেখা পর্যন্ত জানা গেছে, পাথরপ্রতিমা বন দফতরে খবর দেওয়া হয়েছে।

স্থানীয় সূত্রে খবর নদীর পাশে ঘরবাড়ি পুকুর হওয়ায় খাবারের সন্ধানে বর্ষাকালের ভরা জোয়ারে কুমির চলে আসে। আবার কখনও নিজেরাই নদীতে চলে যায়। দু'একটা থেকে যায়। যাই হোক, এলাকার লোকজন আতঙ্কে রয়েছে।

সৎ মাকে খুন করে থানায় আত্মসমর্পণ করল যুবক

নিজস্ব সংবাদদাতা: সৎ মাকে কুপিয়ে খুনের পর থানায় গিয়ে আত্মসমর্পণ করল যুবক। ধৃতের নাম চন্দন প্রসাদ (২৬)। মৃত মহিলার নাম বাসন্তী দেবী (৫৪)। চন্দন ও তার দ্বিতীয়পক্ষের স্ত্রীকে গ্রেফতার করেছে পুলিশ। দেহটি ময়নাতদন্তের জন্য নিয়ে যাওয়া হয়েছে। তবে কী কারণে খুনের ঘটনা ঘটল তা নিয়ে মুখে কুলুপ প্রতিবেশীদের। তদন্ত শুরু করেছে পুলিশ। বুধবার দুপুরে নৃশংস ঘটনাটি ঘটেছে হাওড়ার ৭২/১০ বনবিহারী রোডে।

পুলিশ জানিয়েছে,বনবিহারী রোডের আবাসনের একতলায় প্রসাদ পরিবারের বসবাস। ধৃত চন্দনের বাবা শিবদাস প্রসাদ (৬২)। তিনি জুটমিলের অবসরপ্রাপ্ত কর্মী। তার দু'টো বিয়ে। প্রথমপক্ষের স্ত্রীর মৃত্যু হলে শিবদাসন বাসন্তীদেবীকে বিয়ে করেন। বাসন্তীদেবীর তিন মেয়ে। তাদের বিয়ে হয়ে গিয়েছে। অন্যদিকে প্রথমপক্ষের স্ত্রীর দুই ছেলে ও এক মেয়ে। সেই মেয়েরও বিয়ে হয়ে গিয়েছে। বড় ছেলে বিমল প্রসাদ ভিন রাজ্যে কাজ করে। বাড়িতে থাকে ছোট ছেলে চন্দন প্রসাদ। এই চন্দনেরও আবার দুটো বিয়ে। প্রথম বউ পালিয়ে গিয়েছে বেশ কিছুদিন হল। ফের বিহারের জাহানাবাদে গিয়ে নতুন বিয়ে করে সে। মাসখানেক আগে নতুন বউকে নিয়ে এসেছে হাওড়ার বাড়িতে।

নাম প্রকাশে অনিচ্ছুক প্রতিবেশীর বক্তব্য, এই বউ বাড়িতে ঢোকার পরই গন্ডগোলের সূত্রপাত। এমনিতে সাতেপাঁচে থাকেন না বৃদ্ধা বাসন্তীদেবী। তবে সংসারের কাজকর্ম শেষ হলে তার একমাত্র বিনোদন প্রতিবেশী মেয়ে বউদের সঙ্গে লুডো খেলা। তাদের বাড়ির সামনেই বসে লুডোর আসর। এদিন দুপুরেও পাড়ার বউরা দল বেঁধে এসে দেখেন বাসন্তীদেবী তখনও আসেননি। নতুন বউকে শাশুড়ির কথা জানতেও চান। বউয়ের দাবি, শাশুড়ি বাজারে গিয়েছে। দুপুরবেলা বাজারে যাওয়ার খবরে হতবাক প্রতিবেশী গিন্নিরা যখন কানাঘুষো করছেন ততক্ষণে পুলিশ পৌঁছে গিয়েছে প্রসাদ বাড়ির সামনে।

এদিকে থানায় ততক্ষণে আত্মসমর্পণ করেছে চন্দন। বাড়ির ভিতরে গিয়ে দেখা যায় বাসন্তীদেবীর রক্তাক্ত মৃতদেহ পড়ে রয়েছে ঘরের মধ্যেই। মাথায় আঘাতের পাশাপাশি গলার নলিও কাটা। জেরায় ধৃত জানিয়েছে,শাবলের আঘাতে খুন করার পর মৃত্যু নিশ্চিত করতে গলার নলি কেটে দেয় সে। গোটা ঘটনাই জানত স্ত্রী। তবে সেও মুখ খোলেনি। দু'জনকেই গ্রেফতার করেছে পুলিশ। তবে ঘটনার সময় বাড়ি ছিলেন না মৃতার স্বামী শিবদাস প্রসাদ। কিন্তু কী কারণে খুন তা এখনও জানা যায়নি। জিজ্ঞাসাবাদ শুরু করেছে পুলিশ। আপাত শান্ত, আমুদে বাসন্তীদেবীর এহেন পরিণতিতে এলাকায় শোকের ছায়া নেমেছে।

ফেসবুকে প্রতারণার শিকার তরুণী

স্টাফ রিপোর্টার : ফের ফেসবুকে প্রতারণার শিকার এ শহরের এক তরুণী। চাকরি ও বিয়ের টোপ দিয়ে লক্ষাধিক টাকা নগদ ও গয়না হাতিয়ে উধাও 'প্রেমিক'। দক্ষিণ কলকাতার গড়ফা থানায় অভিযোগ দায়ের করেছেন প্রতারিত তরুণী।

কয়েক মাস আগে ফেসবুকে এক যুবকের সঙ্গে আলাপ হয় গড়ফার বাসিন্দা ওই তরুণীর। তার দাবি, ভারচুয়াল জগতের বন্ধু জানিয়েছিল, সে দিল্লির বাসিন্দা ও পেশায় পাইলট। নিয়মিত চ্যাট হত দু'জনের। ক্রমে ঘনিষ্ঠতা বাড়ে। এক সময়ে অচেনা যুবকের প্রেমেও পড়ে যান ওই তরুণী। এরপর চাকরির টোপ দেয় অভিযুক্ত। অভিযোগকারী তরুণী পুলিশকে জানিয়েছেন, ওই যুবক বলে, একটি সংস্থা আছে তার। কলকাতার বাগুইআটিতে শাখা খোলার পরিকল্পনা চলছে। সেই শাখা অফিসে সহকারী ম্যানেজার পদে লোকের প্রয়োজন। চাকরি পেতে হলে আগাম ১ লক্ষ ৮ হাজার টাকা দিতে হবে। ওই তরুণী তখন ফেসবুক ফ্রেন্ডের প্রেমে হাবুডুবু খাচ্ছেন। তারই তার প্রস্তাবে রাজি হতেও সময় লাগেনি। দক্ষিণ কলকাতার গড়ফার ওই তরুণীর দাবি, বিকাশ নামে এক ব্যক্তির ব্যাঙ্ক অ্যাকাউন্টে টাকা পাঠিয়েছিলেন তিনি। প্রায় সঙ্গে সঙ্গেই একটি ফর্মও পাঠিয়ে দেওয়া হয়। এদিকে ফোনে ও সোশ্যাল মিডিয়ায় অভিযুক্ত যুবক প্রেমের অভিনয় চালিয়ে যান বলে অভিযোগ। ওই তরুণীর দাবি, তাকে খুব তাড়াতাড়িই বিয়ে করার কথাও প্রতিশ্রুতি দিয়েছিল সে। এমনকি দিল্লিতে 'এনগেজমেন্ট পার্টি'র জন্য সোনার হার ও আংটিও পাঠাতে বলে। নগদ টাকার পর 'প্রেমিক'কে গয়নাও দেন ওই তরুণী। শেষ পর্যন্ত অভিযুক্ত ওই তরুণীকে বিয়ে করতে অস্বীকার করে বলে অভিযোগ। ওই তরুণী যখন গয়না ও নগদ টাকা ফেরত চান তখন তাকে হুমকি দেওয়া হয়। দক্ষিণ কলকাতার গড়ফা থানায় অভিযোগ দায়ের করেছেন প্রতারিত তরুণী। অভিযুক্তের সন্ধান করছেন পুলিশ।

ইদানিং রাজ্য জুড়ে ফেসবুককে হাতিয়ার করে প্রতারণার ঘটনা বাড়ছে। প্রতারণার ধরনটি প্রায় একই। প্রথমে সোশ্যাল মিডিয়ার বিভিন্ন লোকের সঙ্গে আলাপ জমায় প্রতারক। তারপর কখনও উপহার পাঠানোর অছিলায়, কখনও আবার বিয়ে কিংবা চাকরির টোপ দিয়ে সর্বস্ব লুঠ করে নেওয়া হয়। দিন কয়েক আগে এ শহরের এক তরুণীকে উপহারের লোভ দেখিয়ে সাড়ে তিন লক্ষ টাকা হাতিয়ে নিয়েছিল ফেসবুক ফ্রেন্ড। সে আবার নিজেকে বিদেশি বলে পরিচয় দিয়েছিল বলে অভিযোগ।

ডিএল অ্যান্ড এলআরও হাওড়ার অফিসে স্মারকলিপি

নিজস্ব সংবাদদাতা, হাওড়া: বেশ কয়েকটি দাবি নিয়ে হাওড়া ডিস্ট্রিক্ট ওয়াটার ক্যারিয়ার ও সুইপার ইউনিয়ন হাওড়ার ডিএল অ্যান্ড এলআরও অফিসে স্মারকলিপি জমা দিল। সংগঠনের নিখিল বেরা জানান, তাদের দাবিগুলি হল ১) অর্থ দফতরের আদেশানুযায়ী ওয়াটার ক্যারিয়ার ও সুইপারদের মাসিক ৩০০০ টাকা বেতন দিতে হবে। ২) অন্যান্য জেলার মতো এই জেলাতেও বোনাস দেওয়ার ব্যবস্থা করতে হবে। ৩) স্যাট ও ডিএলআরএস-এর অর্ডার অনুযায়ী ১৯৯৯ সাল থেকে বকেয়া দেওয়ার ব্যবস্থা করতে হবে। ৪) ছুটির ব্যবস্থা করতে হবে ও প্রতি মাসের বেতন প্রতি মাসে দিতে হবে। সমরবাবু ও নিখিলবাবু আরও জানান, সংশ্লিষ্ট অফিসের দায়িত্বপ্রাপ্ত অফিসাররা তাদের ৩০০০ টাকা বেতন করে দেওয়ার আশ্বাস দিয়েছেন। কিন্তু বাকি দাবিগুলি তারা বিবেচনা করে দেখবেন বলে জানান।



শ্লীলতাহানির অভিযোগে গ্রেফতার যুবক

নিজস্ব সংবাদদাতা, নিউটাউন: নিউটাউনের জ্যোতি নগরের অরবিন্দ পল্লিতে এক নাবালিকাকে প্রলোভন দেখিয়ে শ্লীলতাহানির অভিযোগ উঠল। গ্রেফতার প্রতিবেশী। নাম সুলক্ষণ রাজবংশী (৫২)। আগামীকাল ধৃতকে বারাসত কোর্টে তোলা হবে।

মঙ্গলবার রাত ৮টা নাগাদ নিউটাউনের জ্যোতি নগরের অরবিন্দ পল্লির বাসিন্দা বছর এগারোর নাবালিকা খাবার কিনতে স্থানীয় একটি দোকানে যায়। পরিবারের অভিযোগ, নাবালিকার মা কিছু কেনার জন্য দোকানে যেতে দেখে যে তার মেয়ে অভিযুক্তর বাড়ির জানলার পাশে দাঁড়িয়ে কথা বলছে।

তখন নাবালিকার মা তাকে জিজ্ঞাসা করলে জানায় সে অভিযুক্ত তাকে ঘরে ডাকছিল। বলছিল ঘরে কেউ নেই এবং টাকা দেবে। এই বলে জানলা থেকে নাবালিকার গায়ে হাত দেয়।

অভিযোগ, এই ঘটনার কথা পাড়ার একজনকে বলে এবং ঘটনার প্রতিবাদ করায় ওই নাবালিকার মা এবং বাবাকে মারধর করে অভিযুক্তের পরিবার। শুধু তাই নয়, কাউকে জানালে প্রাণনাশের হুমকিও দেওয়া হয় বলে অভিযোগ।

মঙ্গলবার রাতে নিউটাউন থানায় ওই নাবালিকার পরিবার অভিযোগ দায়ের করে। গ্রেফতার করা হয় অভিযুক্ত সুলক্ষণ রাজবংশীকে। আগামীকাল ধৃতকে বারাসত কোর্টে তোলা হবে।

বেসরকারি হাসপাতালের পাঁচতলায় আগুন

নিজস্ব সংবাদদাতা,বরানগর: মধ্যরাতে আগুন লেগে যায় বরানগরের একটি বেসরকারি হাসপাতালের পাঁচতলায়। দমকলের তিনটি ইঞ্জিনের চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আসে।

মঙ্গলবার মধ্যরাতে বরানগরের ২৭২/২ ঘোষপাড়ায় একটি বেসরকারি হাসপাতালে আগুন দেখতে পান স্থানীয়রা। হাসপাতালের পাঁচতলার পাশাপাশি আগুন লেগে যায় সংলগ্ন একটি আবাসনেও। খবর দেওয়া হয় দমকলে। দ্রুত পৌঁছায় তিনটি ইঞ্জিন। আসে বরানগর থানার পুলিশও। বেশ কিছুক্ষণ পর আগুন নিয়ন্ত্রণে আসে।

জানা গেছে, চোখের ওই হাসপাতালের বড় ইলেকট্রিকের বোর্ডটিতে আগুন লাগে। প্রাথমিক অনুমান শটসার্কিট থেকে আগুন লেগেছে। পুলিশ ঘটনার তদন্ত করছে।

ধর্ষণের দায়ে অভিযুক্ত মামা

নিজস্ব সংবাদদাতা, কাকদ্বীপ : ধর্ষণের দায়ে অভিযুক্ত মামা। ঘটনা নামখানা, ফ্রেজারগঞ্জ কোস্টাল থানার পয়লা ঘেরী এলাকায়। কোস্টাল থানা সূত্রে খবর মঙ্গলবার মেয়ের বাবা আনসার আলি খাঁ কোস্টাল থানায় লিখিত অভিযোগে জানায়, সাত্তার খাঁ দিনের পর দিন তার মেয়েকে একা পেয়ে শারীরিক নির্যাতন করত।

শুধু তাই নয়, একথা বাবা-মাকে জানালে তাকে মেরে ফেলারও হুমকি দেওয়া হত। মেয়েটি সহ্য করতে না পেরে বাধ্য হয়ে বাবাকে জানায়। মঙ্গলবার ফ্রেজারগঞ্জ থানায় অভিযোগ দায়ের করার পর পুলিশ সাত্তার খাঁ এবং খালেদ খাঁকে গ্রেফতার করে কাকদ্বীপ মহকুমা আদালতে হাজির করে।

বিচারক আসামিদের চৌদ্দ দিনের জেল হেফাজতের নির্দেশ দিয়েছেন। আসামিদের বিরুদ্ধে পসকো আইনে মামলা রুজু হয়েছে। মেয়েটিকে হোমে পাঠানো হয়েছে।

ঘুষ নেওয়ায় ধৃত দুই ছাত্র নেতা

নিজস্ব সংবাদদাতা,দুবরাজপুর: সরকারি আইটিআই কলেজে ভর্তির নাম করে টাকা চাওয়ায় দুই ছাত্র নেতার বিরুদ্ধে অভিযোগ দায়ের হল সিউড়ি থানায়। পুলিশ ওই দুই ছাত্র নেতাকে থানায় ডেকে জিজ্ঞাসাবাদ করছে। জানা গেছে, ওই দু'জন তৃণমূল ছাত্র পরিষদের নেতা।

পুলিশ সূত্রে জানা গেছে, আইটিআই-এ ভর্তি হতে চাওয়া এক ছাত্রকে ফোন করে বিক্রম মণ্ডল ও সৌরভ মণ্ডল নামে ওই দুই ছাত্র নেতা। ফোনে বলে দুবরাজপুর সরকারি আইটিআই কলেজে ভর্তি হতে গেলে ২ লাখ টাকা দিতে হবে। ওই ছাত্র ফোন কলটি রেকর্ড করে রাখে। তারপর রেকর্ডিং সহ বুধবার সকালে সিউড়ি থানায় অভিযোগ দায়ের করে। জানা গেছে, সৌরভ মণ্ডল সিউড়ির একটি বেসরকারি পলিটেকনিক কলেজের থার্ড ইয়ারের ছাত্র এবং বিক্রম সিউড়ি বিদ্যাসাগর কলেজের ফার্স্ট ইয়ারের ছাত্র।

অভিযোগ পাওয়ার পর পুলিশ ওই দুই ছাত্রকে আটক করেছে। জিজ্ঞাসাবাদ চলছে। তবে টাকার বিনিময়ে ভর্তির প্রস্তাব দেওয়ার কথা তারা অস্বীকার করেছে।

ছাত্রীর শ্লীলতাহানির অভিযোগ প্রধান শিক্ষকের বিরুদ্ধে

নিজস্ব সংবাদদাতা: ছাত্রীর শ্লীলতাহানির অভিযোগ উঠল প্রধান শিক্ষকের বিরুদ্ধে। অভিযুক্ত প্রধান শিক্ষক বলরাম বাগকে গ্রেফতার করেছে পুলিশ। ঘটনাটি হরিণঘাটার মোল্লাবেলিয়া এলাকার।

অভিযোগ, মঙ্গলবার মোল্লাবেলিয়া প্রাথমিক স্কুলে ছুটির পর ক্লাস ফোরের এক ছাত্রীকে স্কুলের ফাঁকা ঘরে নিয়ে গিয়ে শ্লীলতাহানি করেন প্রধান শিক্ষক। কোনও মতে সেখান থেকে পালিয়ে যায় ওই ছাত্রী। বাড়ি ফিরে পরিবারের সকলকে ঘটনাটি জানায় সে। মঙ্গলবার রাতে থানায় প্রধান শিক্ষকের বিরুদ্ধে অভিযোগ দায়ের হয়। মাঝরাতে তাকে গ্রেফতার করে পুলিশ।

ধৃতের বিরুদ্ধে পসকো আইনে মামলা রুজু হয়েছে।

বুধবার ধৃত প্রধান শিক্ষককে কল্যাণী মহকুমা আদালতে তোলা হয়। বিচারক তার ১৪ দিনের জেল হেফাজতের নির্দেশ দেন।

তক্ষক সহ গ্রেফতার পাচারকারী

নিজস্ব সংবাদদাতা,মধ্যমগ্রাম: মধ্যমগ্রামের বাদু এলাকা থেকে বৃহৎ আকারের একটি তক্ষক সহ গ্রেফতার এক। ধৃতের নাম মহম্মদ আলিউল্লাহ (৫৬)। আমডাঙা এলাকার বাসিন্দা।

বন দফতর সূত্রে খবর, বেশ কিছুদিন ধরে তারা সূত্র মারফত খবর পায় যে মধ্যমগ্রামে বাদু এলাকাতে বেশ কিছু তক্ষক আছে এবং সেগুলো বিক্রি করার চেষ্টা চালানো হচ্ছে। এই খবর পেয়ে ৫ জনের একটি দল ক্রেতা সেজে যায়। প্রথমে দাম নিয়ে দর কষাকষি চলে পরে ২০ লাখ টাকায় ডিল হয়। এরপর যখন সেই তক্ষকটিকে নিয়ে আসা হয় তখন হাতেনাতে মহম্মদ আলিউল্লাহকে গ্রেফতার করা হয়। জিজ্ঞাসাবাদে জানতে পেরেছে যে এই ব্যক্তি গত দু'বছর ধরে এই অসাধু ব্যবসা করে যাচ্ছে এবং এর সঙ্গে বাংলাদেশেরও যোগাযোগ রয়েছে। তাদের অনুমান, এর সঙ্গে একটা বড় চক্র কাজ করছে। তাদের খোঁজে তল্লাশি চলছে। ধৃতকে আগামীকাল বারাসত আদালতে তোলা হবে। বন দফতর সূত্রে খবর, অবৈধ মার্কেটে এই তক্ষকটির দাম প্রায় ২ কোটি টাকা।

হাবড়ায় ছয় মায়ানমার রোহিঙ্গা নাগরিক গ্রেফতার

নিজস্ব সংবাদদাতা,হাবড়া: উত্তর ২৪ পরগনা জেলার হাবড়া থানায় তিন নারী ও দুই শিশু সহ ছয় মায়ানমার রোহিঙ্গা নাগরিক গ্রেফতার হয়েছে। মঙ্গলবার সকাল বারোটা নাগাদ হাবড়া থানার পুলিশ গোপন সূত্রে খবর পেয়ে মছন্দপুর বাসস্ট্যান্ড এলাকা থেকে তাদের গ্রেফতার করে। ওই রোহিঙ্গা নাগরিকদের সন্দেহজনকভাবে ঘোরাঘুরি করতে দেখে সন্দেহ হয় সাধারণ মানুষের। এরপর তারাই থানায় খবর দেয়। হাবড়া থানার পুলিশ ওই রোহিঙ্গা নাগরিকদের আটক করে জিজ্ঞাসাবাদ করতেই জানতে পারে, তারা বাংলাদেশ হয়ে অবৈধভাবে সীমান্ত পার হয়ে দালাল মারফত ভারতে ঢোকে। ধৃত ছয় রোহিঙ্গারা হল মহম্মদ অসীম (৪৫) হোসেনারা (১৮), মমতাজ (২২) ও মমতাজের দুই শিশু সন্তান রহমান (৩) ও রোজিয়া ফতেমা (৫)। পুলিশি জেরায় ধৃতরা জানিয়েছে, তারা কাজের খোঁজে ভারতের জম্মুতে যাচ্ছিল।

হাওড়ার দীনবন্ধু কলেজে ছাত্র ভর্তির বেনিয়মের অভিযোগ

নিজস্ব সংবাদদাতা, হাওড়া: কলকাতার পর হাওড়ায়। ছাত্র ভর্তি নিয়ে অনিয়ম অব্যাহত। হাওড়ার শিবপুরের দীনবন্ধু কলেজে এই বেনিয়মের অভিযোগ উঠেছে। জানা গেছে, ছাত্র ভর্তির জন্য যে মেধা তালিকার নির্দেশিকা জারি হয়েছিল সেটা মানা হচ্ছে না বলে অভিযোগ। ছাত্র-ছাত্রীদের অভিযোগ, অনেকে মেধা তালিকার চেয়ে কম নম্বর পেয়েও ভর্তি হয়ে গিয়েছে। অথচ মেধা তালিকার চেয়ে বেশি নম্বর পেয়েও অনেক ছাত্র-ছাত্রী ভর্তি হতে পারেনি। এই কলেজে ছাত্র ইউনিয়নের বিপক্ষে টাকা নিয়ে ভর্তির অভিযোগ উঠেছে। যদিও কলেজে ছাত্র ইউনিয়ন এই অভিযোগ অস্বীকার করেছে।

অপরদিকে এই বেনিয়মের বিরুদ্ধে সরব হয়েছে কলেজে ভর্তি হতে আসা ছাত্র-ছাত্রীরা। এর প্রতিবাদে তারা কলেজের অধ্যক্ষকে ঘেরাও করে। পাশাপাশি তারা জি টি রোড অবরোধ করে। যার ফলে বেশ কিছুক্ষণ জি টি রোড অবরুদ্ধ থাকে। কলেজের অধ্যক্ষ পুরো বিষয়টি খতিয়ে দেখার নির্দেশ দেয়। বর্তমানে এই কলেজে ছাত্র ভর্তি প্রক্রিয়া বন্ধ আছে।

বধূকে কুপ্রস্তাব, উত্তেজনা জয়নগরে

নিজস্ব সংবাদদাতা, দক্ষিণ ২৪ পরগনা: পছন্দের মহিলা যে বিবাহিত তা বুঝতে পারেননি প্রথমে। যখন বুঝলেন তখন ভাল লাগা বদলে গেল কুপ্রস্তাবে। রাস্তাঘাটে, স্টেশনে, কাজ থেকে বাড়ি যাতায়াতের পথে যে কোনও জায়গায় যে কোনও সময়ে গৃহবধূকে লাগাতার কুপ্রস্তাব যুবকের।

আর কুপ্রস্তাবে রাজি না হওয়ায় গৃহবধূকে বেধড়ক মারধরের অভিযোগ উঠল এক যুবকের বিরুদ্ধে। ঘটনাটি ঘটেছে জয়নগরের বামনগাছির অরুণনগর গ্রামে।

অরুণনগর গ্রামের বাসিন্দা পিন্টু হালদার পেশায় দিনমজুর। তার স্ত্রী কলকাতায় পরিচারিকার কাজ করেন। কলকাতায় কাজের জন্য গ্রাম থেকে গোচরণ রেল স্টেশন পর্যন্ত প্রতিদিন ভ্যানে যাতায়াত করেন তিনি। অভিযোগ, এলাকারই যুবক সঞ্জয় সাঁপুই প্রায় দিন তার রাস্তা আটকে কুপ্রস্তাব দিত।

মহিলার স্বামীর সঙ্গেও সঞ্জয়ের একাধিকবার গন্ডগোল হয়েছে।

মঙ্গলবার ওই গৃহবধূ গোচরণ স্টেশন চত্বর থেকে ভ্যানে যখন উঠছিলেন, তখনই হঠাৎ সঞ্জয় তার উপর হামলা করে বলে অভিযোগ।

গৃহবধূকে জোর করে অন্যত্র নিয়ে যেতে চায় অভিযুক্ত। অন্ধকার রাস্তায় তার শ্লীলতাহানি করা হয় বলেও অভিযোগ। বাধা দিতে গেলে সঞ্জয়ের হাতে আক্রান্ত হন ওই গৃহবধূ। গৃহবধূর চিৎকারে সঞ্জয় সেই মুহূর্তে পালিয়ে গেলেও আবার বাড়ির সামনেই সঞ্জয়ের হাতে আক্রান্ত হন ওই গৃহবধূ। অভিযোগ, ইট দিয়ে তার মাথায় আঘাত করা হয়।

পরে স্থানীয়রাই আক্রান্ত গৃহবধূকে রক্তাক্ত অবস্থায় স্থানীয় গ্রামীণ হাসপাতালে নিয়ে যান। জয়নগর থানায় অভিযুক্ত যুবক সঞ্জয় ও তার মা জবা সাঁপুইয়ের বিরুদ্ধে অভিযোগ দায়ের করা হয়েছে।

সুডোকু মেলাও বুদ্ধি বাড়াও

5	1				3			
2		6			5	9		7
						8	5	
	2	1		7				
9		4				7		1
				1		3	2	
	4	3						
1		5	3			2		4
			6				3	9

গতকালের সমাধান

7	4	5	3	9	6	1	8	2
2	1	3	5	8	7	6	9	4
6	8	9	4	1	2	7	5	3
5	9	7	2	4	1	3	6	8
1	2	4	8	6	3	9	7	5
8	3	6	9	7	5	2	4	1
3	7	2	6	5	8	4	1	9
9	5	1	7	3	4	8	2	6
4	6	8	1	2	9	5	3	7

আবহাওয়া

পূর্বাভাস: বৃহস্পতিবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা থাকবে যথাক্রমে ৩২ ডিগ্রি ও ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। **তাপমাত্রা:** বুধবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা ছিল যথাক্রমে ৩২ ডিগ্রি ও ২৬ ডিগ্রি সেলসিয়াস। **আপেক্ষিক আর্দ্রতা:** সর্বাধিক ৮৭ শতাংশ। **সূর্যোদয়:** ঘ ০৪।৫৯, **সূর্যাস্ত:** ঘ ০৬।২৪। **জোয়ার:** দুপুর১২.৫৪ ৫.৫০। **ভাটা:** সকাল ৭.৩১।

— সমাধানের নিয়ম —

এমন ভাবে শূন্য ঘরগুলো পূরণ করতে হবে যেন প্রতিটি সারিতে ও প্রতিটি কলমে ১ থেকে ৯ সংখ্যাগুলো মাত্র একবার থাকে।

সোনা-রুপোর বাজার দর

	টাকা
পাকা সোনা (১০ গ্রাম):	৩০,৯২০
গহনা সোনা (১০ গ্রাম):	২৯,৩৩৫
হলমার্কগহনা: (২২ ক্যারেট ১০ গ্রাম):	২৯,৬৭৫
রুপোর বাট (প্রতি কেজি):	৪০,৫০০
খুচরো রুপো (প্রতি কেজি):	৪০,৬০০

সৌজন্যে: পশ্চিমবঙ্গ বুলিয়ান মার্চেন্টস অ্যান্ড জুয়েলার্স অ্যাসোসিয়েশন বাজার দর (মূল্যযুক্ত কর আলাদা)।

বিজ্ঞপ্তি

এই পত্রিকায় প্রকাশিত কোনও বিজ্ঞাপন ও তার বিষয়ে কোনও দায়িত্ব আমরা স্বীকার করি না এবং আমাদের ওপর বর্তায় না।

-সম্পাদক

শেয়ার সূচক

BSE	36,265.93▲	+26.31
NSE	10,948.30▲	+1.05

শব্দলিপি- ১২৫০



অলিভিয়া বিশ্বাস

পাশাপাশি ঃ ১। আদুরে সন্তান ৪। নরম হাড় ৫। করুণা ৭। ময়ূরের পেখম ৮। প্রাণধারণ ১০। সঠিক বিবরণ ১২। মাটির হাঁড়ি ১৩। শুভেচ্ছা

উপরনীচ ঃ ১। কিংকর্তব্যবিমূঢ় ২। জমাখরচের খাতা ৩। নিন্দিত ৪। উদয় ৬। দেবী সরস্বতী ৯। প্রদীপের সলতে ১০। বিনা প্রতিবাদে সহ্য করা ১১। ধনুষ্টঙ্কার রোগ

সমাধান ঃ শব্দলিপি - ১২৪৯

পাশাপাশি ঃ ১। কালসাপ ৪। পনস ৬। বাগুরিক ৭। হীনমন্যতা ৯। বড়বানল ১১। পরিপাক ১৩। রণন ১৪। কাতরতা

উপরনীচ ঃ ২। লসাগু ৩। পলকহীন ৪। পরিণাম ৫। সমাজতান্ত্রিক ৬। বারবরদার ৮। নলপট্টিকা ১০। বাসস্থান ১২। পাণ্ডুর

UNIVERSAL PROPERTIES LIMITED
Regd. Office: 238A, A.J.C.Bose Road, 4th Floor, Kolkata 700020
UNAUDITED FINANCIAL RESULTS FOR THE QUARTER ENDED ON 30TH JUNE, 2018 (Rs. In lacs)

Particulars	Quarter Ending / Current Year Ending	Year to date Figures / Previous Year Ending	Corresponding 3 months ended in the Previous Year
Total income from operation (net)	0.00	0.00	0.00
Net Profit / (Loss) from ordinary activities after tax	(0.90)	(0.30)	(0.30)
Net Profit / (Loss) for the period after tax (after extraordinary items)	(0.90)	(0.30)	(0.30)
Equity Share Capital	24.00	24.00	24.00
Reserves (excluding Revaluation Reserve as shown in the Balance Sheet of previous year)	(14.12)	(14.12)	(13.58)
Earnings Per Share (before extraordinary items) (of 10/- each) Basic :	(0.38)	(0.13)	(0.13)
Diluted :	(0.38)	(0.13)	(0.13)
Earnings Per Share (after extraordinary items) (of 10/- each) Basic :	(0.38)	(0.13)	(0.13)
Diluted :	(0.38)	(0.13)	(0.13)

Note : The above is an extract of the detailed format of Quarterly Financial Results filed with the Stock Exchanges under Regulation 33 of the SEBI (Listing and Other Disclosure Requirements) Regulations, 2015.
For UNIVERSAL PROPERTIES LTD.
Sd/-
Place : Kolkata
Date : 05.07.2018
C. D. Chaudhuri
Director